

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬৫৮

৩. যাকাত অধ্যায় (کتاب الزکاة)

পরিচ্ছেদঃ ৪. ছাগলের যাকাত

بَابِ فِي زَكَاةِ الْغَنَمِ

আরবী

أَخْبَرَنَا الْحَكَمُ بْنُ مُوسَى حَدَّتَنَا يَحْيَى بْنُ حَمْزَةَ عَنْ سُلَيْمَانَ بْنِ دَاوُدَ الْخَوْلَانِيّ عَنْ اللّهِ اللّهُ مِنْ أَبِيهِ عَنْ أَبِيهِ عَنْ جَدِّهِ أَنَّ رَسُولَ اللّهِ الرُّهْرِيِّ عَنْ أَبِيهِ عَنْ جَدِّهِ أَنَّ رَسُولَ اللّهِ صَلَّى اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَتَبَ إِلَى أَهْلِ الْيَمَنِ مَعَ عَمْرِو بْنِ حَزْمٍ بِسْمِ اللّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ صَلَّى اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَتَبَ إِلَى أَهْلِ الْيَمَنِ مَعَ عَمْرِو بْنِ حَزْمٍ بِسْمِ اللّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ مِنْ مُحَمَّدِ النَّبِيِّ إِلَى شُرَحْبِيلَ بْنِ عَبْدِ كُلَالٍ وَالْحَارِثِ بْنِ عَبْدِ كُلَالٍ وَنُعَيْمِ بْنِ عَبْدِ كُلَالٍ وَنُعَيْمِ عَشْرِينَ وَمِائَةٍ وَاحِدَةً فَوْيهَا شَاتًا إِلَى أَنْ تَبْلُغَ مِائَةٍ شَاةً إِلَى أَنْ تَبْلُغَ مِائَةٍ شَاةً إِلَى أَنْ تَبْلُغَ مِائَةٍ شَاةً إِلَى أَنْ تَبْلُغَ مُلِيَّةً عَلَيْهِ اللللْفَا عَلَيْهُ اللْعَلَاثُةَ الْمُعْمَا وَاحِدَةً فَقِيها شَادَادِ لَا يَا عَلَيْ كُلُولُ الْمُؤْلِقِيلِ الْعَبْدِ عَلَى اللللْعُلَالَةِ عَلَيْ عَلَيْكُ اللّهَ الْمُؤْلِقِ الْمُؤْلِقُولِ الْمُؤْلِقِ الْمُؤْلِقِ الْمُؤْلِقِ الْمُؤْلِقُ الْمُؤْلِقُ الللللّهُ الللللّهِ الللللّهُ الللللّهُ الللللّهُ الللللّهِ اللللللّهُ الللللّهُ اللللللّهُ الللللللّهُ الللللللْمُ الللللْمُ الللللّه اللللللْمُ الللللْمُ اللللللّه الللللللْمُ اللللللْمُ اللّه الللّه اللللللْمُ اللّه الللللْمُ الللللْمُ الللللْمُ اللللللللْمُ اللللْمُ الللللْمُولِ اللللْمُ الللللْمُ الللللْمُ اللّه اللللللْمُ اللّهُ اللللْمُ

বাংলা

১৬৫৮. আমর ইবনু হাযম তার পিতার সূত্রে তার দাদা হতে বর্ণনা করেন যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম আমর ইবনু হাযমের মারফত ইয়ামানবাসীর নিকট একটি ফরমান (অধ্যাদেশ) লিখে পাঠালেন। (যাতে ছিল:) "পরম করুণাময় ও অসীম দয়ালু আল্লাহর নামে'। নবী মুহাম্মদ (সাল্লাল্লাহ আলাইহি ওয়া সাল্লাম)-এর পক্ষ হতে শুরাহবীল ইবনু আব্দি কালাল, হারিছ ইবনু আব্দি কালাল এবং নু'আইম ইবনু আব্দি কালালের প্রতি। প্রতি চল্লিশটি ছাগল হতে একশত বিশটি পর্যন্ত ছাগলের জন্য একটি ছাগল; একশ' বিশটি হতে একটি ছাগলও বেশি হলে দু'শত পর্যন্ত তা হতে দু'টি ছাগল; এর থেকে একটি মাত্র ছাগল বেশি হলেও তা হতে তিনশত পর্যন্ত ছাগলের জন্য তিনটি ছাগল; এরপর ছাগলের সংখ্যা বেশি হলে এতে প্রতি একশত ছাগলের জন্য একটি করে ছাগল (যাকাত দিতে হবে)।[1]

ফুটনোট

[1] তাহকীক্ব: এর সনদ যয়ীফ। আমরা এর যয়ীফ হওয়ার কারণ বর্ণনা করেছি সহীহ ইবনু হিব্বান নং৬৫৫৯ ও



মাওয়ারিদুয যাম'আন নং ৭৯৩ তে।

তাখরীজ: এটি সামনে ১৬৬২, ১৬৬৮, ১৬৭১, ১৬৭৫ (অনূবাদে ১৬৫৮, ১৬৬৪, ১৬৬৭, ১৬৭১) নং এ আসছে।

((তাখরীজের জন্য পরবর্তী হাদীসটি দেখুন ৷– অনুবাদক))

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবু বকর ইবন মুহাম্মাদ ইবন আমর ইবন হাযম (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন